

প্রকল্প সংক্ষেপঃ Digital RMG Factory Mapping in Bangladesh (DRFM-B)

বাংলাদেশের তৈরি পোশাক খাত প্রতি বছর ৭% হারে বৃদ্ধি পেয়ে বর্তমানে (২০১৫-১৬ অর্থবছরে) এ খাত হতে রপ্তানির পরিমাণ দাঁড়িয়েছে ২৮.০৯ বিলিয়ন ইউএস ডলার। আশা করা হচ্ছে ২০২০ সাল নাগাদ এ খাত হতে রপ্তানির পরিমাণ প্রায় দ্বিগুণ হয়ে ৫০ বিলিয়ন ইউএস ডলারে পৌঁছবে। কিন্তু সার্বজনীন ও নির্ভরযোগ্য তথ্যের ঘাটতি থাকার কারণে দেশের তৈরি পোশাক খাতের স্বচ্ছতা প্রায়শই প্রশ্নের সম্মুখীন হচ্ছে। কারখানার মোট সংখ্যা, কারখানার অবস্থান, কারখানার কর্মরত শ্রমিক সংখ্যা এ ধরনের তথ্যের অপরিপূর্ণতার দরুণ এ খাতকে ঘিরে বিতর্ক ও বিভ্রান্তি বৃদ্ধি পাচ্ছে।

এমতাবস্থায় একটি প্রকল্পের উদ্যোগ নেওয়া হয়েছে যেখানে বাংলাদেশের তৈরি পোশাক খাতের বিস্তারিত তথ্যসম্ভার (Database) একটি ডিজিটাল মানচিত্রের (গুগল ম্যাপের অনুরূপ) আওতায় আনা হবে। এ প্রকল্পের শিরোনাম হলো Digital RMG Factory Mapping in Bangladesh বা সংক্ষেপে ডিআরএফএম-বি (DRFM-B)। এ প্রকল্পের সময়কাল ২০১৭ সালের এপ্রিল হতে ২০২১ সালের মার্চ পর্যন্ত। প্রকল্পটি বাস্তবায়ন করতে যাচ্ছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তা উন্নয়ন কেন্দ্র (Centre for

প্রকল্পের মূল তথ্য	
প্রকল্প শিরোনাম	Digital RMG Factory Mapping in Bangladesh (ডিজিটাল আরএমজি ফ্যাক্টরি ম্যাপিং ইন বাংলাদেশ) বা ডিআরএফএম-বি (DRFM-B)
প্রকল্প মেয়াদ	চার বছর (এপ্রিল ২০১৭-মার্চ ২০২১)
প্রকল্প ক্ষেত্র	তৈরি পোশাক কারখানা
প্রকল্প স্থান	বাংলাদেশ (২০টি তৈরি পোশাক উপাদানকারী জেলা, ১০৪টি উপজেলা)
জরিপ পদ্ধতি	শুমারি (Census)
প্রকল্প বাস্তবায়নকারী	ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তা উন্নয়ন কেন্দ্র (Centre for Entrepreneurship Development) বা সিইডি (CED)
প্রকল্প সমন্বয়কারী	ব্র্যাক ইউএসএ (BRAC USA)
প্রকল্পের প্রধান অনুদান প্রদানকারী	সিঅ্যান্ডএ ফাউন্ডেশন (C&A Foundation)
স্ট্র্যাটেজিক পার্টনার (Strategic Partner)	বাংলাদেশ তৈরি পোশাক প্রস্তুত ও রফতানিকারক সমিতি (Bangladesh Garments Manufacturers and Exporters Association) বা বিজিএমইএ (BGMEA)

Entrepreneurship Development) বা সিইডি (CED)। এ প্রকল্পটির মূল তহবিল যোগান দিচ্ছে সিঅ্যান্ডএ ফাউন্ডেশন (C&A Foundation) এবং প্রকল্পটি সমন্বয় করছে ব্র্যাক ইউএসএ (BRAC USA)। এ প্রকল্পটির স্ট্র্যাটেজিক পার্টনার (Strategic Partner) হিসেবে থাকছে বাংলাদেশ তৈরি পোশাক প্রস্তুত ও রফতানিকারক সমিতি (Bangladesh Garments Manufacturers and Exporters Association) বা বিজিএমইএ (BGMEA)।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সিইডি (CED) ২০১৫ সালের জানুয়ারি হতে ২০১৬ সালের মার্চ পর্যন্ত সিঅ্যান্ডএ ফাউন্ডেশনের অনুদানে 'Participatory Factory Mapping Research' (PFMR) শিরোনামে একটি পরীক্ষামূলক গবেষণা পরিচালনা করে। এ গবেষণার জন্য মিরপুর ও কালিয়াকৈর এলাকার পোশাক কারখানা হতে তথ্য সংগ্রহ করা হয় এবং প্রাপ্ত তথ্যের ভিত্তিতে একটি ডিজিটাল মানচিত্রের পরীক্ষামূলক সংস্করণ নির্মাণ করা হয়।

PFMR-এর পরিকল্পনার প্রাথমিক পর্যায় হতে মূল পর্যায়ে উন্নীত হয়ে বর্তমান DRFM-B প্রকল্পটি বাস্তবায়ন হতে যাচ্ছে। এই প্রকল্পের অধীনে বাংলাদেশের ২০টি জেলার তৈরি পোশাক খাতের সাথে সম্পৃক্ত সকল কারখানা হতে শুমারির (Census) মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে। পর্যায়ক্রমে এ তথ্য ডিজিটাল মানচিত্রে অন্তর্ভুক্ত করা হবে এবং জনসাধারণের জন্য উন্মুক্ত করা হবে। এই মানচিত্রে অন্তর্ভুক্ত হওয়া তথ্যের মধ্যে থাকবে কারখানার নাম/ঠিকানা/অবস্থান, কারখানার কর্মক্ষম অবস্থা (চালু/নিষ্ক্রিয়/বন্ধ), কারখানার নিবন্ধন (বিজিএমইএ/বিকেএমইএ/ইপিবি, ইত্যাদি), কারখানার উৎপাদন ধরণ, কারখানার দালান কাঠামো, কারখানার শ্রমিক সংখ্যা (নারী ও পুরুষ শ্রমিকের অনুপাত), কারখানার পণ্য যে সকল দেশে রপ্তানি করা হয়, কারখানার সাথে কাজ করা প্রধান বায়ারস ও ব্র্যান্ডস, কারখানার সনদ, কারখানা থেকে নিকটবর্তী ফায়ার স্টেশন ও হাসপাতালের দূরত্ব, কারখানার শ্রমিক অংশগ্রহণ কমিটি (Workers Participatory Committee) ও নিরাপত্তা কমিটি, ট্রেড ইউনিয়নের সাথে কারখানার সম্পৃক্ততা, ইত্যাদি। যেহেতু সংগৃহীত তথ্যের সঠিকতা যাচাইকরণ এ প্রকল্পের একটি অন্যতম প্রধান চ্যালেঞ্জ হিসেবে বিবেচিত, তাই এ প্রকল্পের অধীনে দীর্ঘমেয়াদে তথ্য হালনাগাদ (Update) ও যাচাইকরণে সর্বোচ্চ মনোনিবেশ করা হবে। এ উদ্দেশ্যে ডিজিটাল মানচিত্রে তথ্য প্রদানকারী প্রতিটি কারখানার নামে একটি করে একাউন্ট থাকবে যেখান থেকে কারখানাগুলোর ব্যবস্থাপনা বিভাগ তাদের সর্বশেষ তথ্য জানাতে পারবে।

ডিআরএফএম-বি (DRFM-B) প্রকল্পের অধীনে নির্মিত হতে যাওয়া এই মানচিত্রটি হবে তৈরি পোশাক খাত নিয়ে বাংলাদেশে প্রথম ডিজিটাল মানচিত্র। এ প্রকল্প থেকে প্রত্যাশা করা হচ্ছে যে সার্বজনীন ও নির্ভরযোগ্য তথ্যের সমাবেশে উন্মুক্ত ডিজিটাল মানচিত্রের মাধ্যমে বাংলাদেশের তৈরি পোশাক খাত নিয়ে বৈশ্বিক তথ্য প্রবাহ সুনিশ্চিত হবে এবং বাংলাদেশের তৈরি পোশাক খাতের স্বচ্ছতা সর্বত্র স্বীকৃত হবে।



C&A Foundation

